কালের কণ্ঠ

14 MAR 2017
6 6

দুর্নীতির মামলা

# জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত পরীক্ষা নিয়ন্ত্রক গ্রেপ্তার

**নিজস্ব প্রতিবেদক ঢাকা, গাজীপুর ▷**

দুর্নীতির মামলায় জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত পরীক্ষা নিয়ন্ত্রক মো. বদরুজ্জামানকে গ্রেপ্তার করেছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। গতকাল সোমবার ভোরে ঢাকার মিরপুরের বাসায় অভিযান চালিয়ে তাঁকে গ্রেপ্তার করা হয়।

নিয়ম ভেঙে সিলেকশন গ্রেড প্রদান করে অর্থ আত্মসাতের মামলায় মো. বদরুজ্জামানকে গ্রেপ্তার করা হয়েছে বলে দুদকের উপপরিচালক (জনসংযোগ) প্রণব কুমার ভট্টাচার্য জানান।

দুদকের উপপরিচালক মো. মোর্শেদ আলমের নেতৃত্বে একটি দল তাঁকে গ্রেপ্তার করে।

দুদক জানায়, সরকারের নিষেধাজ্ঞা অমান্য করে জাতীয় বিশ্ববিদ্যালয়ে 'গণনিয়োগ' পাওয়া ১৬৯ জন কর্মচারীকে 'অবৈধভাবে' সিলেকশন গ্রেড দিয়ে সরকারের এক কোটি চার লাখ ৬৩ হাজার ৩৯৪ টাকা আত্মসাতের মামলা এটি। নিয়ম ভেঙে কর্মচারীদের বেতন ও সিলেকশন গ্রেড প্রদান এবং বিশ্ববিদ্যালয়ের অর্থ আত্মসাতে তৎকালীন ভিসি ড. কাজী শহীদুল্লাহকে সহায়তার অভিযোগে ১৩ কর্মকর্তার বিরুদ্ধে ২০১২ সালে আদালতে চারটি মামলা হয়। মামলাগুলোর মধ্যে দুটির বাদী বর্তমান মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক। অন্য দুটি মামলার বাদী বিশ্ববিদ্যালয়ের প্রভাষক হাফিজুর রহমান ও সহকারী কলেজ পরিদর্শক এ এইচ এম শাহজাহান।

আদালত মামলাগুলো তদন্ত করে ব্যবস্থা নিতে জয়দেবপুর থানার পুলিশকে নির্দেশ দেন। পরবর্তী সময়ে মামলাগুলো দুদকে স্থানান্তরিত হয়। তদন্তের দায়িত্ব দেওয়া হয় দুদকের সহকারী পরিচালক ফজলুল বারীকে। মামলার তদন্ত কর্মকর্তা মো. ফজলুল বারী জানান, এর আগে আরো তিন আসামিকে গ্রেপ্তার করা হয়েছিল। তাঁরা বর্তমানে আদালত থেকে জামিনে আছেন। বাকি আসামিদের গ্রেপ্তারের চেষ্টা চলছে।